গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর
সুরক্ষা সেবা বিভাগ
স্বরাষ্ট্র মন্ত্রণালয়
৪১, সেগুনবাগিচা, ঢাকা-১০০০।
Website: www.dnc.gov.bd

মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ২০২৪-২০২৫ এর কর্মসম্পাদন সূচক ৩.৩ অনুযায়ী অনুষ্ঠিত **১ম প্রাতিষ্ঠানিক গণশুনানী** সভার কার্যবিবরণীঃ

| | | |
|---|---|---|
| সভাপতি | : | খোন্দকার মোস্তাফিজুর রহমান এনডিসি<br>মহাপরিচালক (গ্রেড-১) |
| সভার তারিখ ও সময় | : | ১৮ সেপ্টেম্বর, ২০২৪ খ্রি:, সকাল ১১.০০ টা |
| সভার স্থান | : | অধিদপ্তরের সম্মেলন কক্ষ (লেভেল-৭) |
| সভায় উপস্থিত সদস্যবৃন্দ | : | পরিশিষ্ট ‘‘ক’’ দ্রষ্টব্য। |

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে গণশুনানীর কার্যক্রম শুরু করেন। সভার শুরুতে তিনি বলেন, সরকার সেবাকে সহজ, জবাবদিহিমূলক ও জনবান্ধব করতে জাতীয় শুদ্ধাচার কৌশল, ২০১২ প্রণয়ন করেছে। সভাপতি অধিদপ্তরের কার্যকারিতা ও স্বচ্ছতা বৃদ্ধি এবং সরকারি সেবার মানোন্নয়নের জন্য তথা অধিদপ্তরের সেবার মানোন্নয়নের জন্য স্ব স্ব দায়িত্ব যথাযথভাবে পালনের জন্য সংশ্লিস্ট সকলের প্রতি অনুরোধ জানান।

০২। অত:পর সভাপতির অনুমতিক্রমে পরিচালক (প্রশাসন) সভার আলোচ্য বিষয়সমূহ উপস্থাপন করেন। সভাপতি উপস্থিত অংশীজনদেরকেও তাদের বক্তব্য উপস্থাপন করার জন্য আহবান জানান।

০৩। সভায় উপস্থিত অংশীজন (Stakeholder) নিম্নবর্ণিত মতামত প্রদান করেন:

- ইনসেপ্টা এবং এসিআই ফার্মাসিউটিক্যালস্ এর প্রতিনিধি বলেন, প্রিকারসর কেমিক্যালস্/সাইকোট্রপিক সাবস্ট্যান্স আমদানির পূর্বানুমতির জন্য সংশ্লিষ্ট কাগজপত্র দিয়ে আবেদন করা হয়। এতদসংক্রান্ত তদন্ত প্রক্রিয়া সম্পন্ন হতে অনেক সময় লাইসেন্স নবায়ন ও আমদানীর পূর্বানুমতির সময় অতিবাহিত হয়ে যায়। সেক্ষেত্রে পুনরায় হালনাগাদ কাগজপত্র চাওয়া হয়-যেগুলো অন্যান্য প্রতিষ্ঠান সংশ্লিষ্ট (যেমন: আয়কর রিটার্ন দাখিলের প্রত্যয়নপত্র)। অন্যান্য প্রতিষ্ঠান থেকেও হালনাগাদ কাগজপত্র পেতে বিলম্ব হয়। এক্ষেত্রে অন্যান্য প্রতিষ্ঠানের হালনাগাদ কাগজপত্র প্রাপ্তির বিষয়টি প্রক্রিয়াধীন থাকা অবস্থায় (আয়কর রিটার্ন দাখিল প্রক্রিয়াধীন থাকা অবস্থায়) অনুমোদন দেয়া যায় কিনা তা বিবেচনার জন্য তিনি অনুরোধ জানান।

- অতিরিক্ত মহাপরিচালক বলেন, প্রিকারসর কেমিক্যালস্/সাইকোট্রপিক সাবস্ট্যান্স আমদানিকারকগণ আলোচনা করে আমদানি প্রক্রিয়ায় সময় কমানোর বিষয়ে লিখিতভাবে রাইটআপ/প্রস্তাব আমাদেরকে দেন-আমরা আলোচনা করে সমাধান বের করার চেষ্টা করবো। তিনি আরো বলেন, কর বছরের মধ্যে কোন প্রতিষ্ঠান হালনাগাদ আয়কর সার্টিফিকেট দাখিল করতে না পারলেও আন্ডার প্রসেসিং আয়কর রিটার্ন সার্টিফিকেট দাখিল করতে পারলে সেটি অধিদপ্তর কর্তৃক বিবেচনা করা হয়ে থাকে। উপপরিচালক (নিরোধ শিক্ষা) বলেন, প্রিকারসর কেমিক্যালস্/সাইকোট্রপিক সাবস্ট্যান্স আমদানির পূর্বানুমতির জন্য ৩/৪ মাস সময় লেগে যায় বা অনেক সময় অর্থ বছর অতিবাহিত হয়ে যায়-এই সমস্যাটা আসলে কাদের? অধিদপ্তরের নাকি আবেদকারী প্রতিষ্ঠানের। চেকলিস্ট অনুযায়ী হালনাগাদ কাগজপত্রের ঘাটতি থাকলে পূর্বানুমতির সময় লাগবে-এটাই স্বাভাবিক। কিন্তু অধিদপ্তরের পক্ষ থেকে বিলম্ব হলে সেখানে কাজ করার সুযোগ রয়েছে।

- অতিরিক্ত মহাপরিচালক বলেন, অধিদপ্তরের পক্ষ থেকে সেবা পেতে কোথাও হয়রানির শিকার হলে আমাদের জানাতে পারেন। পরিচালক (চিকিৎসা ও পুনর্বাসন) বলেন, আপনাদের অভিযোগ আমাদেরকে মৌখিক ভাবে বা লিখিতভাবে জানাতে পারেন। অভিযোগের বিষয় অধিদপ্তর না জানলে সমাধান দেয়া যাবে না। তবে অভিযোগটি হতে হবে ন্যায্য ও সুনির্দিষ্ট।

- ইনসেপ্টা ফার্মাসিউটিক্যালস্ এর প্রতিনিধি বলেন, অভিযোগের বিষয়ে আমরা কোথায় জানাবো? পরিচালক (চিকিৎসা ও পুনর্বাসন) বলেন, সেবা পেতে যেখানে বাধার সম্মুখীন হবেন তার উর্দ্ধতন কর্তৃপক্ষের কাছে অভিযোগ জানাবেন। যেমন: জেলা কার্যালয়ে সমস্যার সম্মুখীন হলে বিভাগীয় পর্যায়ে অভিযোগ জানাবেন, বিভাগীয় পর্যায়ে হলে প্রধান কার্যালয়ের সংশ্লিষ্ট পরিচালক বরাবর, পরিচালক পর্যায়ে হলে তার উর্দ্ধতন কর্তৃপক্ষের নিকট অভিযোগ জানাতে হবে।

- পরিচালক (প্রশাসন) বলেন, গণস্বাস্থ্য ফার্মাসিউটিক্যালস্ লি: জীবণ রক্ষাকারী পেথিডিন/মরফিন ইনজেকশন উৎপাদনকারী প্রতিষ্ঠান। এই জীবন রক্ষাকারী ঔষধের বিপনন যাতে সহজতর হয় সে লক্ষ্যে ঢাকাস্থ ধানমন্ডি গণস্বাস্থ্য নগর হাসপাতালে একটি ডিপো স্থাপনের প্রয়োজনীয় গ্রহণের জন্য পত্র প্রেরণ করা হয়েছিল। প্রতিষ্ঠানটি এ কাজের জন্য সময় নিয়েছিল। কিন্তু এর অগ্রগতি

অদ্যাবধি জানা যায়নি। গণস্বাস্থ্য ফার্মাসিউটিক্যালস্ লি: এর পক্ষ থেকে কোন সিদ্ধান্ত হয়েছে কিনা-উপস্থিত প্রতিনিধির কাছে তিনি জানতে চান এবং প্রতিষ্ঠানের সিদ্ধান্তটি দ্রুত অধিদপ্তরকে জানানোর জন্য অনুরোধ করেন।

০৪। অত:পর সভায় বিস্তারিত আলোচনান্তে নিম্নবর্ণিত সিদ্ধান্ত গৃহীত হয় :

| ক্রম: | সিদ্ধান্তসমূহ | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|
| ৪.১ | প্রিকারসর কেমিক্যালস/সাইকোট্রপিক সাবস্ট্যান্স আমদানির পূর্বানুমতির কথিত দীর্ঘসূত্রিতা কমিয়ে আনার বিষয়ে সভায় উপস্থাপনকারী ইনসেপ্টা ফার্মাসিউটিক্যালস্ এর প্রতিনিধির (জনাব মো: আমিনুর রহমান, ম্যানেজার) নিকট হতে প্রস্তাব পাওয়া গেলে তা পর্যালোচনা করে দেখা হবে। | পরিচালক (প্রশাসন) |
| ৪.২ | গণস্বাস্থ্য ফার্মাসিউটিক্যালস্ লি: কর্তৃক উৎপাদিত পেথিডিন ও মরফিন ইনজেকশন সহজভাবে উত্তোলনের জন্য ঢাকাস্থ ধানমন্ডি গণস্বাস্থ্য নগর হাসপাতালে একটি ডিপো স্থাপনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ এবং অগ্রগতি অধিদপ্তরকে অবহিত করার জন্য ০৮ অক্টোবর, ২০২৩ তারিখের ১৪৬৫ সংখ্যক স্মারকমূলে পত্র প্রেরণ করা হয়। এ বিষয়ে গণস্বাস্থ্য ফার্মাসিউটিক্যালস্ লি: কর্তৃপক্ষকে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য তাগিদ পত্র প্রেরণ করতে হবে। | পরিচালক (চিকিৎসা ও পুনর্বাসন) |

০৫। অত:পর আর কোন আলোচনা না থাকায় সভাপতি সভায় অংশগ্রহণকারী সকল অংশীজনকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

২৫/০৯/২৪

(খোন্দকার মোস্তাফিজুর রহমান এনডিসি)
মহাপরিচালক (গ্রেড-১)।

নং-৫৮.০২.০০০০.০০৫.০০.০০৬.২১-৮৪৯৪

তারিখ: ১০ আশ্বিন, ১৪৩১ / ২৫ সেপ্টেম্বর, ২০২৪

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১। সিনিয়র সচিব, সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (দৃ: আ: অতিরিক্ত সচিব, মাদক অনুবিভাগ)।
২। পরিচালক (প্রশাসন/অপারেশনস্/চিকিৎসা ও পুনর্বাসন/নিরোধ শিক্ষা), মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, প্রধান কার্যালয়, ঢাকা।
৩। চীফ কনসালটেন্ট, কেন্দ্রীয় মাদকাসক্তি নিরাময় কেন্দ্র, তেজগাঁও, ঢাকা।
৪। প্রধান রাসায়নিক পরীক্ষক, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, কেন্দ্রীয় রাসায়নিক পরীক্ষাগার, গেন্ডারিয়া, ঢাকা।
৫। অতিরিক্ত পরিচালক, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, বিভাগীয় কার্যালয়, ঢাকা/চট্টগ্রাম/রাজশাহী/খুলনা/বরিশাল/সিলেট/রংপুর/ময়মনসিংহ/গোয়েন্দা শাখা, প্রধান কার্যালয়, ঢাকা।
৬। উপপরিচালক (প্রশাসন/নিরোধ শিক্ষা/অপারেশনস্/চিকিৎসা ও পুনর্বাসন/ক্রয়, পরিকল্পনা ও উন্নয়ন), মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, প্রধান কার্যালয়, ঢাকা/বিভাগীয় কার্যালয়/মেট্রো কার্যালয়/জেলা কার্যালয়/বিভাগীয় গোয়েন্দা কার্যালয়/টেকনাফ বিশেষ জোন,..........।
৭। প্রোগ্রামার, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, প্রধান কার্যালয়, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
৮। সহকারী পরিচালক (প্রশাসন/অপারেশনস্/জনসংযোগ/চিকিৎসা ও পুনর্বাসন/কমন সার্ভিস/নিরোধ শিক্ষা/ক্রয়, পরিকল্পনা ও উন্নয়ন/গোয়েন্দা/অর্থ ও হিসাব/গবেষণা ও প্রকাশনা/প্রশাসন-অ:দা:), মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, প্রধান কার্যালয়, ঢাকা/বিভাগীয় কার্যালয়/মেট্রো কার্যালয়/জেলা কার্যালয়/বিভাগীয় গোয়েন্দা কার্যালয়/টেকনাফ বিশেষ জোন.................।
৯। স্টাফ অফিসার টু ডিজি, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, প্রধান কার্যালয়, ঢাকা (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।
১০। অতিরিক্ত মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, প্রধান কার্যালয়, ঢাকা (অতিরিক্ত মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।
১১। অফিস কপি।

25/09/24

(দীপজয় খীসা)
সহকারী পরিচালক (প্রশাসন)